শ্রেণি: এইচএসসি

বিষয়: ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম পত্র

বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন

১৫০ টি
মোট প্রশ্ন

১৫০ টি
ইউনিক প্রশ্ন

স্মার্ট সাইট ও অ্যাপের বিশেষ ফিচারসমূহ
✓ উত্তর, ব্যাখ্যা ও AI ডাউট সলভিং
✓ দেশসেরা লিডারবোর্ড
✓ প্রোগ্রেস এনালিটিক্স
✓ AI অ্যাসিসটেন্ট ও সলভার
✓ বিশাল সংখ্যক প্রশ্ন ব্যাংক
✓ কাস্টম মক টেস্ট

QR স্ক্যান করে প্র্যাকটিস করুন

বহুনির্বাচনী প্রশ্ন

১. $R_m < R_f$ হলে, ঝুঁকি প্রিমিয়াম কেমন হবে?

(ক) ধনাত্মক (খ) ঋণাত্মক
(গ) সমান (ঘ) শূন্য

২. প্রতি একক ঝুঁকির প্রত্যাশিত আয় কী?

(ক) পরিমিত ব্যবধান (খ) বিভেদাঙ্ক
(গ) ভেদাঙ্ক (ঘ) বিটা

৩. বিপরীতমুখী সম্পর্ক বিদ্যমান এরূপ দুটি হলো-

i. মুনাফা ও ঝুঁকি
ii. তারল্য ও ঝুঁকি
iii. তারল্য ও মুনাফা
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৪. একটি স্বাধীন প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে নিচের কোনটি গ্রহণযোগ্য?

(ক) IRR=PBP (খ) IRR>Cost of capital
(গ) IRR (ঘ) IRR>NPV

৫. একটি সিকিউরিটিতে বিনিয়োগ হতে নগদ প্রবাহ-

i. শূন্য হতে পারে
ii. ধনাত্মক হতে পারে
iii. ঋণাত্মক হতে পারে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৬. মূলধন বাজেটিং প্রয়োগ করা হয়-
i. সম্পদ প্রতিস্থাপনের ক্ষেত্রে
ii. তারল্য বৃদ্ধির ক্ষেত্রে
iii. স্থায়ী সম্পদ ক্রয়ের ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii | **(খ)** i ও iii
(গ) ii ও iii | (ঘ) i ii ও iii

৭. ট্রেজারি বিলের বিটা (β) এর মান কোনটি?

(ক) ১ | (খ) ০
(গ) -১ | (ঘ) অনির্দিষ্ট

৮. CAPM-এর পূর্ণরূপ কী?

(ক) Capital Asset Pricing Method
(খ) Capital Asset Pricing Model
(গ) Capital Asset Product Method
(ঘ) Capital Asset Product Model

৯. ঋণের সুদ পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়?

(ক) ব্যবসায়িক ঝুঁকি | **(খ)** আর্থিক ঝুঁকি
(গ) বাজার ঝুঁকি | (ঘ) মোট ঝুঁকি

১০. বাজার ঝুঁকির মান ১.৫, ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১২% হলে কোনো সিকিউরিটির প্রত্যাশিত আয়ের হার কত?

(ক) ৯% | (খ) ১২%
(গ) ১৫% | (ঘ) ৩৩%

১১. মূলধন বাজেটিং-এর কোন কৌশলটি অর্থের সময়মূল্য বিবেচনা করে না?

(ক) বাট্টাকৃত পে-ব্যাক সময় | **(খ)** গড় মুনাফার হার
(গ) অভ্যন্তরীণ আয়ের হার | (ঘ) নিট বর্তমান মূল্য

১২. আয়ের হার কুপন রেটের চাইতে বেশি হলে বন্ডের মূল্য অভিহিত মূল্য থেকে- হবে।

(ক) কম | (খ) বেশি
(গ) সমান | (ঘ) কোনোটিই নয়

১৩. একটি বন্ডের বর্তমান মূল্য কখন লিখিত মূল্যের চাইতে কম হয়?

(ক) কুপন হার>উপার্জন হার
(খ) কুপন হার<উপার্জন হার
(গ) কুপন হার = উপার্জন হার
(ঘ) কোনোটিই নয়

১৪. লিখিত মুল্যের চেয়ে বেশি মূল্যে শেয়ার বিক্রি করা হলে তাকে কী বলে?

(ক) অবহার | (খ) বাট্টা
(গ) প্রিমিয়াম | (ঘ) উত্তরণ ব্যয়

১৫. Fixed Income Securities কোনগুলো?
i. সাধারণ শেয়ার
ii. শংকর শেয়ার
iii. কুপন বন্ড
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii | (খ) i ও iii
(গ) ii ও iii | (ঘ) i ii ও iii

১৬. সাধারণ শেয়ারের সাথে নিচের কোন শব্দটি জড়িত?

(ক) Fixed Income securities
(খ) Indenture
(গ) Residual Owner
(ঘ) Call Provision

১৭. বিনিয়োগ সিদ্ধান্ত কোন দুইটি সিদ্ধান্তের সমন্বিত রূপ?

(ক) ঝুঁকি ও মুনাফা
(খ) অর্থ সংগ্রহ ও সংস্থান
(গ) চলতি মূলধন ও মূলধন বাজেটিং
(ঘ) মূলধন বাজেটিং ও লভ্যাংশ

১৮. ১৯৭৬ সালে উদ্ভাবিত মডেল ও উদ্ভাবকের নাম কী?

(ক) Portfolio Theory - William Sharpe
(খ) Agency Theory - Jensen
(গ) CAPM Model - William Sharpe
(ঘ) Portfolio Theory - Markowitz

সাট একাডেমি

১৯. চলতি সম্পদে বিনিয়োগ কম হলে কী হয়?

i. তারল্য ঝুঁকি হ্রাস পায়
ii. তারল্য হ্রাস পায়
iii. কাঁচামাল সরবরাহ বিঘ্ন ঘটে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

২০. একটি কোম্পানির নিট মুনাফা ১,০০,০০০ টাকা ও শেয়ারপ্রতি আয় ১৬ টাকা ও শেয়ারপ্রতি লভ্যাংশ ৮ টাকা হলে, মোট শেয়ার সংখ্যা কত?

(ক) ৬,২০০ **(খ)** ৬,২৫০
(গ) ১২,৫০০ (ঘ) ১২,৫৫০

২১. মুনাফা সর্বাধিকরণে বিবেচনা করা হয় না-

i. ঝুঁকি
ii. নগদ প্রবাহ
iii. শেয়ারপ্রতি আয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

২২. জনাব রাফি প্রাইম পার্ক ব্যাংকে ২০,০০০ টাকা জমা রেখে অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধি সুদে ১০ বছর পর ৪০,০০০ টাকা উত্তোলন করেন। উক্ত বিনিয়োগের ওপর তার অর্জিত সুদের হার কত?

(ক) ৭.২% **(খ)** ৭.২৫%
(গ) ৮% (ঘ) ১০%

২৩. সময় স্থির রেখে সুদের হার বৃদ্ধি পেলে-

i. ভবিষ্যৎ মূল্য বৃদ্ধি পাবে
ii. বর্তমান মূল্য হ্রাস পাবে
iii. মোট সুদ বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i ii ও iii

২৪. সালমান গ্রামীণ মহাজন থেকে সাপ্তাহিক ১% হারে চক্রবৃদ্ধি সুদে ঋণ গ্রহণ করে। প্রকৃত সুদের হার কত?

(ক) ১.০০৪% (খ) ৬৭.৭৭%
(গ) ৬৯.৭৭% (ঘ) ৭০.৫৫%

২৫. ঝুঁকি কী?

(ক) বিনিয়োগ পার্থক্য **(খ)** আয়ের পার্থক্য
(গ) করের পার্থক্য (ঘ) মূল্যস্তরের পার্থক্য

২৬. মুদ্রাস্ফীতির ফলে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়?

(ক) ব্যবসায়িক (খ) আর্থিক
(গ) তারল্য (ঘ) বাজার

২৭. সম্ভাবনা বিন্যাসের মোট যোগফল কত?

(ক) ০% (খ) ৫০%
(গ) ৫০% (ঘ) ২০০%

২৮. আদর্শ বিচ্যুতিকে নিচের কোন চিহ্ন দ্বারা প্রকাশ করা হয়?

(ক) Δ (খ) β
(গ) δ (ঘ) γ

২৯. নিচের কোন ঝুঁকি সব ফার্মকে প্রভাবিত করে?

(ক) বাজার ঝুঁকি (খ) কোম্পানি ঝুঁকি
(গ) দায় ঝুঁকি (ঘ) সম্পত্তি ঝুঁকি

৩০. অর্থের ভবিষ্যৎ মূল্যের পরিমাণ কিসের ওপর নির্ভর করে?

(ক) ব্যাংকের হার (খ) বিনিময় হার
(গ) মুদ্রাস্ফীতির হার **(ঘ)** সুদের হার

৩১. মেয়াদবিহীন বার্ষিক বৃত্তিকে কী বলে?

(ক) সাধারণ (খ) আশু
(গ) বিলম্বিত **(ঘ)** পারপিচ্যুইটি

৩২. নিচের কোনটির ক্ষেত্রে চক্রবৃদ্ধি সুদ প্রযোজ্য নয়?

(ক) ব্যাংকের সঞ্চয়ী হিসাবে অর্থ জমা
(খ) ব্যাংক হতে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ
(গ) বিমা কোম্পানি হতে ঋণ গ্রহণ
(ঘ) সরকারি সঞ্চয়পত্র ক্রয়

৩৩. মুদ্রাস্ফীতির কারণে বৃদ্ধি পায়-

i. বিনিয়োগ
ii. উৎপাদন খরচ
iii. কাঁচামালের মূল্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

স্যাট একাডেমি

৩৪. ব্যাংক ত্রৈমাসিক ভিত্তিতে সুদ গণনা করলে চক্রবৃদ্ধির সংখ্যা কত হবে?

(ক) ২ | (খ) ৪
(গ) ৬ | (ঘ) ১২

৩৫. যৌথ মূলধনী কোম্পানির ঝুঁকি কে বহন করে?

(ক) ঋণদাতা | (খ) শেয়ারহোল্ডার
(গ) ব্যবস্থাপক | (ঘ) পাওনাদার

৩৬. IPO-এর পূর্ণরূপ কোনটি?

(ক) Initial public offering
(খ) Initial public offer
(গ) Internal public offering
(ঘ) Internal public offer

৩৭. লভ্যাংশ প্রদানের সাথে কোম্পানির কী জড়িত থাকে?

(ক) সুনাম | (খ) তারল্য
(গ) আয়কর | (ঘ) বাজারমূল্য

৩৮. নিচের কোনটি মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয়ের বহির্ভূত উপাদান?

(ক) বাজারমূল্য | (খ) তলব মূল্য
(গ) সুদের পরিমাণ | (ঘ) উত্তরণ ব্যয়

৩৯. অর্থসংস্থানের দীর্ঘমেয়াদি উৎস হলো -

i. মালিকের নিজস্ব তহবিল
ii. বন্ধু-বান্ধব থেকে সংগৃহীত ঋণ
iii. দেশীয় মহাজন

নিচের কোনটি সঠিক?

(ক) i | (খ) ii
(গ) iii | (ঘ) i ii ও iii

৪০. একটি জিরো কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা, মেয়াদ ৬ বছর এবং এ ধরনের বন্ডের সুযোগ ব্যয় ১২% হলে, বন্ডের অন্তর্নিহিত মূল্য কত টাকা?

(ক) ১৬৬ | (খ) ২৫৭
(গ) ৫০৭ | (ঘ) ৫০০

৪১. নিচের কোনটি দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে বিবেচনা করা যাবে না?

(ক) বন্ড | (খ) মুদ্রা বাজার ঋণ
(গ) অগ্রাধিকার শেয়ার | (ঘ) সাধারণ শেয়ার

৪২. কোনটি মূলধন বাজেটিং প্রণয়নের প্রথম পদক্ষেপ?

(ক) প্রকল্প উদ্ভাবন | (খ) প্রকল্প মূল্যায়ন
(গ) প্রকল্প নির্বাচন | (ঘ) ফলোআপ

৪৩. নিচের কোনটি মূলধন বাজেটিং-এর অবাট্টাকৃত পদ্ধতি?

(ক) IRR | (খ) NPV
(গ) PBP | (ঘ) PV

৪৪. একটি প্রকল্পের IRR = Cost of Capital হলে, NPV কত হবে?

(ক) শূন্য | (খ) ধনাত্মক
(গ) ঋণাত্মক | (ঘ) নির্ণয়যোগ্য নয়

৪৫. মূলধন বাজেটিং-এ প্রকল্প মূল্যায়নে বাট্টাকৃত পদ্ধতি-

i. IRR
ii. NPV
iii. ARR

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii | (খ) i ও iii
(গ) ii ও iii | (ঘ) i ii ও iii

৪৬. সম্পদ সর্বোচ্চকরণে নিচের কোনটি বিবেচনা করা হয় না?

(ক) শেয়ারের মূল্যবৃদ্ধি | (খ) ঝুঁকির পরিমাণ
(গ) স্বল্পমেয়াদি মুনাফা | (ঘ) নগদ প্রবাহ

৪৭. William Sharp কত সালে মূলধনী সম্পত্তি মূল্যায়ন মডেল (CAPM) উন্নয়ন করেন?

(ক) ১৯৪৬ | (খ) ১৯৬১
(গ) ১৯৬২ | (ঘ) ১৯৬৪

৪৮. তারল্য বৃদ্ধি পেলে মুনাফা কী হতে পারে?

(ক) হ্রাস | (খ) বৃদ্ধি
(গ) অপরিবর্তিত | (ঘ) শতকরা হ্রাস

৪৯. ব্যবসায় অর্থায়ন হলো-

i. মুনাফা অর্জন
ii. তারল্য বৃদ্ধি
iii. মূলধন সংগ্রহ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii | (খ) i ও iii
(গ) ii ও iii | (ঘ) i ii ও iii

স্যাট একাডেমি

৫০. কোন সময়ে হ্যারি মার্কোইজ, উইলিয়াম শার্প ও মার্টন মিলার অর্থায়নকে গাণিতিক বিশ্লেষণে সমৃদ্ধ করার জন্য নোবেল পুরস্কার পান?

(ক) ১৯৬০ এর দশকে (খ) ১৯৭০ এর দশকে
(গ) ১৯৮০ এর দশকে (ঘ) ১৯৯০ এর দশকে

৫১. ঝুঁকি পরিমাপের উৎকৃষ্ট পদ্ধতি কোনটি?

(ক) ভেদাঙ্ক (খ) আদর্শ বিচ্যুতি
(গ) গড় (ঘ) বিভেদাঙ্ক

৫২. CAPM-এর অনুমিত শর্তাবলি হলো-

i. অর্থনীতিতে কোনো মুদ্রাস্ফীতি থাকবে না
ii. মুলধন বাজার দক্ষ হবে না
iii. কোনো আয়কর থাকবে না
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৫৩. ঋণ পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়?

(ক) সুদ হার (খ) আর্থিক
(গ) তারল্য (ঘ) ব্যবসায়িক

৫৪. মূলধন বাজেটিং-এর ধাপসমূহ হলো-

i. প্রকল্প উদ্ভাবন
ii. প্রকল্প মূল্যায়ণ
iii. মূলধন নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৫৫. গাণিতিক বিবেচনায় কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত?

(ক) NPV সর্বাধিক (খ) IRR সর্বনিম্ন
(গ) PBP সর্বাধিক (ঘ) ARR সর্বনিম্ন

৫৬. একটি প্রকল্পের আগামী চার বছরে নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ২০,০০০, ১০,০০০, ২০,০০০ ও ১০,০০০ টাকা। উক্ত প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৩০,০০০ টাকা। পে-ব্যাক সময় কত?

(ক) ১ বছর (খ) ২ বছর
(গ) ৪ বছর (ঘ) ৩ বছর

৫৭. অভ্যান্তরীণ মুনাফার হারের সুবিধাসমূহ হলো-

i. সময়মূল্য বিবেচনা করে
ii. উৎপাদন ব্যয় বিবেচনা করে
iii. সকল নগদ প্রবাহ বিবেচনা করে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৫৮. মূলধন বাজেটিংয়ের কোন কৌশলটি অর্থের সময়মূল্য বিবেচনা করে না?

(ক) নিট বর্তমান মূল্য (খ) আন্তঃআয়ের হার
(গ) মূলধন ফেরত সময় (ঘ) মুনাফার্জন সূচক

৫৯. অ্যানুটির বৈশিষ্ট্য হলো-

i. সমপরিমাণ নগদ অর্থের প্রাপ্তি বা প্রদান
ii. সময়ের ব্যবধান একই হওয়া
iii. নগদ প্রবাহ এক বছর পরপর ঘটবে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৬০. দীর্ঘমেয়াদি অর্থায়নের হাতিয়ার কোনটি?

(ক) বাণিজ্যিকপত্র (খ) স্টক ও বন্ড
(গ) প্রত্যয়পত্র (ঘ) সংরক্ষিত মুনাফা

৬১. নির্দিষ্ট সময় পর কোন ধরনের বন্ড পুনঃক্রয় করা হয়?

(ক) মর্টগেজ বন্ড (খ) জিরো কুপন বন্ড
(গ) পরিশোধ্য বন্ড (ঘ) পুট বন্ড

৬২. কুপনের অভিহিত মূল্য ৫০০ টাকা এবং সুদের পরিমাণ ৪০ টাকা হলে কুপন রেট কত?

(ক) ২.৫০% (খ) ৫%
(গ) ৭.৫০% (ঘ) ৮%

৬৩. উত্তরণ ব্যয়ের উপাদান হলো-

i. অবলেখক ফি
ii. আইন ফি
iii. বিক্রয় কমিশন
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

স্যাট একাডেমি

৬৪. জনগণের নিকট শেয়ার ইস্যুর পূর্বে বর্তমান শেয়ারহোল্ডারদের কাছে শেয়ার ক্রয়ের সুযোগ দেওয়া হয় কোন পদ্ধতিতে?

(ক) তাকবদ্ধ নিবন্ধন পদ্ধতি
(খ) ব্যক্তিগত উপস্থাপন পদ্ধতি
(গ) বেস্ট ইফোর্ট পদ্ধতি
(ঘ) রাইট ইস্যু পদ্ধতি

৬৫. সুযোগ ব্যয় বৃদ্ধি পেলে বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়ের হার কী হয়?

(ক) বৃদ্ধি পায় (খ) হ্রাস পায়
(গ) অপরিবর্তিত থাকে (ঘ) দ্বিগুণ হয়

৬৬. মিসেস রিফা সিদ্দিকা ৫০,০০০ টাকা ১০% সুদে ব্যাংকে জমা রাখতে চান, কত বছরে ঐ টাকা দ্বিগুণ হবে?

(ক) ৬ বছর (খ) ৭ বছর
(গ) ৬.২ বছর (ঘ) ৭.২ বছর

৬৭. বিনিয়োগকৃত অর্থের বর্তমান ও ভবিষ্যৎ মূল্য কখন সমান হবে?

(ক) মেয়াদকাল শূন্য হলে
(খ) মেয়াদকাল ১ বছর হলে
(গ) সুদের হার ১% হলে
(ঘ) বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা ১ হলে

৬৮. বাট্টাকরণ পদ্ধতিটি-

i. বর্তমান মূল্যের সাথে সম্পৃক্ত
ii. চক্রবৃদ্ধিকরণের বিপরীত
iii. বাট্টার পরিমাণ নির্ধারণ প্রক্রিয়া

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৬৯. ১৪% চক্রবৃদ্ধি সুদের হারে ৬ বছর পর ১২,০০০ টাকা পেতে হলে তোমাকে আজ কত টাকা বিনিয়োগ করতে হবে?

(ক) ৬,৪৫৭ (খ) ৬,৪৫৭
(গ) ৫,৬৪৭ (ঘ) ৫,৪৬৭

৭০. ভবিষ্যৎ মূল্য নির্ণয় করার পদ্ধতিতে কী বলে?

(ক) চক্রবৃদ্ধিকরণ (খ) বাট্টাকরণ
(গ) চক্রবৃদ্ধি সুদ (ঘ) ভবিষ্যৎ মূল্য

৭১. বিনিময়ের সহজ মাধ্যম কোনটি?

(ক) চেক (খ) বিনিময় বিল
(গ) অর্থ (ঘ) প্রত্যয়পত্র

৭২. নিট আয়ের যে অংশ শেয়ার মালিকদের মধ্যে বণ্টন করা হয় না তাকে কী বলে?

(ক) লভ্যাংশ তহবিল (খ) সংরক্ষিত তহবিল
(গ) মোট মুনাফা (ঘ) নিট মুনাফা

৭৩. বিপরীতমুখী সম্পর্ক বিদ্যমান এরূপ দুটি হলো-

i. মুনাফা ও ঝুঁকি
ii. তারল্য ও ঝুঁকি
iii. মুনাফা ও তারল্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৭৪. কোনটি বিমাযোগ্য ঝুঁকি?

(ক) ফটকা ঝুঁকি (খ) রাজনৈতিক ঝুঁকি
(গ) আর্থিক ঝুঁকি (ঘ) ব্যবসায়িক ঝুঁকি

৭৫. নিচের কোনটি বন্ড ইস্যুকারী কর্তৃপক্ষ নয়?

(ক) সরকার
(খ) যৌথ মূলধনী কোম্পানি
(গ) অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠান
(ঘ) সিটি কর্পোরেশন

৭৬. সরল সুদ নির্ণয়ের সূত্র?

(ক) $SI = (p + k)^n$ (খ) $SI = (p + k) \times n$
(গ) $SI = p \times k \times n$ (ঘ) $SI = p(১ + k)^n$

৭৭. কোন সিকিউরিটি “বেটা” শূন্য-

(ক) ট্রেজারি বন্ড (খ) কর্পোরেট বন্ড
(গ) বাণিজ্যিক পত্র (ঘ) অগ্রাধিকার শেয়ার

৭৮. কোম্পানির আয় ও সম্পদ থেকে কাদের পাওনা আগে পরিশোধ করতে হয়?

(ক) সরকারের (খ) ঋণপত্রের
(গ) সাধারণ শেয়ারের (ঘ) অগ্রাধিকার শেয়ারের

স্যাট একাডেমি

৭৯. অর্থায়নের সামাজিক দায়বদ্ধতার ক্ষেত্রে বিনিয়োগকারীদের প্রতি দায়িত্ব হলো-

i. উপযুক্ত লভ্যাংশ প্রদান
ii. শ্রমিকদের বেতন বৃদ্ধি
iii. বিনিয়োগকৃত অর্থের যুক্তিযুক্ত ব্যবহার

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৮০. ব্যবসায় অর্থায়নের দক্ষতার মাপকাঠি কোনটি?

(ক) ব্যবস্থাপনা (খ) ব্যয়ের পরিমাণ
(গ) গ্রাহক সেবা (ঘ) মুনাফা

৮১. একটি প্রকল্পের আগামী ৩ বছরে নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ১০,০০০; ২০,০০০ ও ৩০,০০০ টাকা। উক্ত প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৩০,০০০ টাকা হলে, পে-ব্যাক সময় কত?

(ক) ১ বছর (খ) ২ বছর
(গ) ৩ বছর (ঘ) ৪ বছর

৮২. প্রতিষ্ঠানের সম্পদ কত টাকা হ্রাস বা বৃদ্ধি পাবে তা কোনটির মাধ্যমে জানা যায়?

(ক) গড় মুনাফার হার (খ) আন্তঃআয় হার
(গ) নিট বর্তমান মূল্য (ঘ) পে-ব্যাক সময়

৮৩. পোর্টফোলিও ঝুঁকি কম হবে যখন –

i. সহ-সম্বন্ধের মান শূন্য হলে
ii. সহ-সম্বন্ধের মান ঋণাত্মক হলে
iii. সহ-সম্বন্ধের মান ০ থেকে ১ এর মধ্যে হলে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৮৪. নির্দিষ্ট সময় পর কোন ধরনের বন্ড পুনঃক্রয় করা হয়?

(ক) কুপনবন্ড (খ) কলবন্ড
(গ) পুটবন্ড (ঘ) জাঙ্ক বন্ড

৮৫. বাংলাদেশ ব্যাংক সরকারের পক্ষে ট্রেজারি বন্ড ইস্যুর উদ্দেশ্য হলো-

i. স্বল্প খরচে সরকারের বাজেট ঘাটতিতে অর্থায়ন
ii. বাজারে অতিরিক্ত তারল্য নিয়ন্ত্রণ করা
iii. বাজার মুদ্রা সরবরাহ বৃদ্ধি করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৮৬. কর পরবর্তী নিট মুনাফার সাথে নিচের কোনটি যোগ করলে নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যায়?

(ক) কাঁচামাল ক্রয় (খ) আয়কর
(গ) সুদ (ঘ) অবচয়

৮৭. প্রতি বছর ভিন্ন পরিমাণ টাকা জমা দেওয়া বা গ্রহণ করা হলে তাকে কী বলা হয়?

(ক) বর্তমান মূল্য (খ) ভবিষ্যৎ মূল্য
(গ) মিশ্র নগদ প্রবাহ (ঘ) বার্ষিক বৃত্তি

৮৮. নিচের কোন ক্ষেত্রে চক্রবৃদ্ধি সুদ প্রযোজ্য নয়?

(ক) বিমা কোম্পানি হতে ঋণ গ্রহণ
(খ) সরকারি সঞ্চয়পত্র ক্রয়
(গ) ব্যাংকের সঞ্চয়ী হিসাবে অর্থ জমা
(ঘ) ব্যাংক হতে দীর্ঘ মেয়াদি ঋণ গ্রহণ

৮৯. জনাব সোহেল ৫% সরল সুদে ১,৬০০ টাকা ধার করলে, ৩ বছরে তাকে কত টাকা সুদ দিতে হবে?

(ক) ২৪০ টাকা (খ) ২৩০ টাকা
(গ) ১২০ টাকা (ঘ) ৮০ টাকা

৯০. নিচের কোনটি ব্যবসায়িক ঝুঁকি বহির্ভূত?

(ক) ত্রুটিপূর্ণ ব্যবস্থাপনা (খ) বেকারত্ব
(গ) কর্মী অসন্তোষ (ঘ) ব্যবস্থাপকের মৃত্যু

৯১. কোন প্রতিষ্ঠানের শেয়ারের মূল্য বৃদ্ধিতে সহায়তা করে ঐ প্রতিষ্ঠানের-

i. সুনাম
ii. মুনাফার হার
iii. পরিচালনা পদ্ধতি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

স্যাট একাডেমি

৯২. বাজার আয় থেকে ঝুঁকিমুক্ত আয়ের ব্যবধানকে কী বলা হয়?

(ক) ঝুঁকি রিটার্ন (খ) ঝুঁকি বিপদ
(গ) ঝুঁকি প্রিমিয়াম (ঘ) ঝুঁকি আয়

৯৩. কোন পদ্ধতিতে বাট্টাকৃত নগদ প্রবাহ প্রয়োজন হয় না?

(ক) গড় মুনাফার হার
(খ) অভ্যন্তরীণ মুনাফার হার
(গ) নিট বর্তমান মূল্য
(ঘ) মুনাফা অর্জন ক্ষমতা সূচক

৯৪. আন্তঃআয় হার পদ্ধতির অসুবিধা কোনটি?

(ক) সব নগদ প্রবাহ বিবেচনা করে না
(খ) অর্থের সময়মূল্য বিবেচনা করে না
(গ) একাধিক আন্তঃআয় হার জনিত জটিলতা
(ঘ) মূলধন ব্যয় নির্ণয়ের প্রয়োজন হয়

৯৫. আর্থিক ঝুঁকির উৎস কোনটি?

(ক) ঋণ মূলধন (খ) শেয়ার মূলধন
(গ) অর্থনৈতিক মন্দা (ঘ) উৎপাদন ব্যবস্থা

৯৬. কোন ঝুঁকি হ্রাস করা যায় না?

(ক) কোম্পানি ঝুঁকি (খ) বাজার ঝুঁকি
(গ) তারল্য ঝুঁকি (ঘ) আর্থিক ঝুঁকি

৯৭. ঝুঁকি পরিমাপের পরিসংখ্যানিক পদ্ধতি হলো-

i. পরিমিত ব্যবধান
ii. বিভেদাঙ্ক
iii. অনুপাত বিশ্লেষণ
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৯৮. পুঁজি বাজারে উপাদান বহির্ভূত কোনটি?

(ক) ঋণপত্র (খ) ব্যবসায় ঋণ
(গ) সাধারণ শেয়ার (ঘ) অগ্রাধিকার শেয়ার

৯৯. কার্যকরী মূলধন প্রয়োজন হয় –

i. কাঁচামাল ক্রয়ে
ii. মজুরি প্রদানে
iii. ভাড়া প্রদানে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১০০. কোনটি মূলধন বাজেটিং প্রণয়নের প্রথম পদক্ষেপ?

(ক) প্রকল্প যাচাই (খ) প্রকল্প নির্বাচন
(গ) প্রকল্প মূল্যায়ন (ঘ) প্রকল্প উদ্ভাবন

১০১. অর্থের সময়মূল্য ধারণা কোন ক্ষেত্রে সর্বাধিক ব্যবহৃত হয়?

(ক) বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ (খ) আর্থিক অবস্থা নিরূপণ
(গ) লভ্যাংশ সিদ্ধান্ত গ্রহণ (ঘ) আয়-ব্যয় বিশ্লেষণ

১০২. চিরস্থায়ী বৃত্তির বর্তমান মূল্য নির্ণয়ে বিবেচ্য বিষয় হলো-

i. বৃত্তির পরিমাণ
ii. এককালীন অর্থের পরিমাণ
iii. সুদের হার
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১০৩. চক্রবৃদ্ধি ও বাট্টাকরণের সম্পর্ক হচ্ছে-

(ক) সমানুপাতিক (খ) নিরপক্ষ
(গ) সমমুখী (ঘ) বিপরীতমুখী

১০৪. বিধি-৭২ কোথায় ব্যবহার করা হয়?

(ক) দ্বিগুণ (খ) তিনগুণ
(গ) চারগুণ (ঘ) আটগুণ

১০৫. ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলতে বোঝায়-

(ক) সাধারণ শেয়ার (খ) অগ্রাধিকার শেয়ার
(গ) গ্রাধিকার শেয়ার (ঘ) কর্পোরেট বন্ড

স্যাট একাডেমি

১০৬. স্টক বলতে বুঝি-

(ক) প্রতিটি এককের মূল্য সমান

(খ) প্রতিটি এককের মূল্য ভিন্ন

(গ) প্রতিটি এককের মল্য নির্দিষ্ট

(ঘ) প্রতিটি এককের মূল্য অনির্দিষ্ট

১০৭. নির্দিষ্ট আয় প্রত্যাশী বিনিয়োগকারীদের কোথায় বিনিয়োগ করা উচিত?

i. সাধারণ শেয়ারে

ii. অগ্রাধিকার শেয়ারে

iii. কুপন বন্ডে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১০৮. ব্যবসায় জীবনী শক্তি কোনটি?

(ক) পুঁজি (খ) পরিচালক

(গ) শ্রমিক (ঘ) ব্যবস্থাপনা

১০৯. অর্থায়নের প্রথম কাজ কোনটি?

(ক) মূলধন সংরক্ষণ (খ) চলতি সম্পদ ব্যবস্থাপনা

(গ) তহবিল বণ্টন (ঘ) তহবিল সংগ্রহ

১১০. কোনটি স্বতঃস্ফূর্ত অর্থায়নের উৎস নয়?

(ক) ব্যবসায় ঋণ

(খ) ব্যাংক ঋণ

(গ) বকেয়া খরচ

(ঘ) ক্রেতাদের নিকট হতে অগ্রিম

১১১. পোর্টফোলিও বিনিয়োগের উদ্দেশ্য কী?

(ক) ঝুঁকি হ্রাস (খ) মুনাফা বৃদ্ধি

(গ) বিক্রয় বৃদ্ধি (ঘ) উৎপাদন বৃদ্ধি

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

একটি প্রকল্পে ৯,০০,০০০ টাকা বিনিয়োগ করে কর-পরবর্তী নিট মুনাফা ১,৩২,৫০০ টাকা পাওয়া যায় এবং এই প্রকল্পের স্থায়ী সম্পত্তির মোট অবচয় ৪,৫৫,২০০ টাকা।

১১২. প্রকল্পটির নগদ আন্তঃপ্রবাহ কত?

(ক) ৩,৩৩,৭০০ টাকা (খ) ৪,৩৩,৮০০ টাকা

(গ) ৫,৮৭,৭০০ টাকা (ঘ) ১০,৩২,৫০০ টাকা

১১৩. উক্ত নগদ আন্তঃপ্রবাহ ব্যবহার হবে-

i. গড় আয়ের হার নির্ণয়ে

ii. নিট বর্তমান মূল্য নির্ণয়ে

iii. আন্তঃআয়ের হার নির্ণয়ে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

একটি প্রকল্পে ৫০,০০০ টাকা বিনিয়োগ করলে আগামী ৪ বছরব্যাপী প্রতি বছর ২০,০০০ টাকা করে পাওয়া যাবে।

১১৪. প্রকল্পটির পে-ব্যাংক সময় কত?

(ক) ২ বছর (খ) ২.৫ বছর

(গ) ৩ বছর (ঘ) ৩.৪ বছর

১১৫. প্রকল্পটির নিট বর্তমান মূল্য ধনাত্মক হলে, মুনাফা অর্জন সূচক কত হবে?

(ক) ১ এর সমান (খ) ১ এর বেশি

(গ) ১ এর কম (ঘ) ০ এর কম

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

জনাব হাসান একটি মেশিন ক্রয়ের জন্য ব্যাংক হতে ৫ বছরের জন্য বার্ষিক কিস্তিতে পরিশোধ সাপেক্ষে ৩,৩৫,২২০ টাকা ঋণ নিয়েছে। বার্ষিক কিস্তির পরিমাণ ১,০০,০০০ টাকা, যেখানে ১ম বছরে আসল পরিশোধ ৪৯,৭১৭।

১১৬. জনাব হাসানের ব্যাংক সুদের হার কত?

(ক) ১০% (খ) ১০.৫%

(গ) ১২% (ঘ) ১৫%

১১৭. ১ম বছর শেষে ঋণের পরিমাণ কত হবে?

(ক) ৪৯,৭১৭ টাকা (খ) ৫০,২৮৩ টাকা

(গ) ২,৮৫,৫০৩ টাকা (ঘ) ৩,৩৫,২২০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

স্যাট একাডেমি

জনাব আরাফাতের নিকট বিনিয়োগের জন্য দুটি প্রকল্প রয়েছে। প্রকল্প দুটি A এবং B, A প্রকল্পের PBP ৫ বছর এবং সম্ভাব্য মুনাফার পরিমাণ ১,০০,০০০ টাকা। অপরদিকে, B প্রকল্পের PBP ৭বছর এবং সম্ভাব্য মুনাফার পরিমাণ ৮০,০০০ টাকা। জনাব আরাফাতের নিকট বিনিয়োগের জন্য যথেষ্ট অর্থ রয়েছে।

১১৮. জনাব আরাফাতের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত?

(ক) A প্রকল্পে
(খ) B প্রকল্পে
(গ) উভয় প্রকল্পে
(ঘ) নির্ণয়যোগ্য নয়

১১৯. উদ্দীপকে জনাব আরাফাত যে পদ্ধতিতে সিদ্ধান্ত গ্রহণ করছেন সেই পদ্ধতির সীমাবদ্ধতা কী?

(ক) এ পদ্ধতি অত্যন্ত জটিল
(খ) এ পদ্ধতি ব্যবহারে দক্ষতা দরকার
(গ) এ পদ্ধতি সবাই বুঝতে পারে না
(ঘ) এ পদ্ধতিতে অর্থের সময়মূল্য বিবেচনা করা হয় না।

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

জনাব শাওনা ১০% সুদে ১০,০০০ টাকা AB ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখেন।

১২০. জনাব শাওন ৫ বছর পরে AB ব্যাংক থেকে সরল সুদে মোট কত টাকা পাবেন?

(ক) ১৬,১০৫ টাকা
(খ) ১৫,০০০ টাকা
(গ) ৫,০০০ টাকা
(ঘ) ৬,২০৯ টাকা

১২১. জনাব শাওন ৫ বছর পরে AB ব্যাংক থেকে চক্রবৃদ্ধি সুদে মোট কত টাকা পাবেন?

(ক) ১৬,১০৫ টাকা
(খ) ১৫,০০০ টাকা
(গ) ৫,০০০ টাকা
(ঘ) ৬,২০৯ টাকা

উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও

আসাদ লি.-এর ঝুঁকিমুক্ত আয়ের হার ৮%, মার্কেট পোর্টফোলিও আয়ের হার ১২% এবং বিটা-সহগ ১.৫।

১২২. আসাদ লি.-এর ঝুঁকি প্রিমিয়াম কত?

(ক) ৩%
(খ) ৪%
(গ) ৫%
(ঘ) ৬%

১২৩. আসাদ লি.-এর প্রত্যাশিত আয়ের হার কত?

(ক) ১৪%
(খ) ১৫%
(গ) ১৬%
(ঘ) ১৭%

উদ্দীপকটি পড়ো প্রশ্নের উত্তর দাও

মিস হ্যামি রেড টেক্সটাইল লি.-এর প্রতিটি শেয়ার ৭০ টাকায় ক্রয় করেন এবং তা ৯০ টাকায় বিক্রয় করেন। তিনি শেয়ারপ্রিত ২ টাকা করে লভ্যাংশ পেয়েছেন।

১২৪. উদ্দীপকে উল্লিখিত মিস হ্যামির মোট আয়ের হার কত?

(ক) ২২.২২%
(খ) ২৪.৪৪%
(গ) ২৮.৫৭%
(ঘ) ৩১.৪৩%

উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও

মি. রাকিব একটি প্রকল্পে ৫০,০০০ টাকা ৫ বছরের জন্য বিনিয়োগ করতে চায়। বার্ষিক সুদের হার ১২%।

১২৫. বার্ষিক চক্রবৃদ্ধিকরণ করা হলে ভবিষ্যৎ মূল্য কত হবে?

(ক) ৮৮,১১৭ টাকা
(খ) ৮৮,১১৫ টাকা
(গ) ৮৬,১১৭ টাকা
(ঘ) ৮৫,১১৫ টাকা

১২৬. ত্রৈমাসিক চক্রবৃদ্ধিকরণ করা হলে ভবিষ্যৎ মূল্য কত হবে?

(ক) ৭৫,৩০৬ টাকা
(খ) ৮০,৩০৬ টাকা
(গ) ৮৫,৩০৬ টাকা
(ঘ) ৯০,৩০৬ টাকা

উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও

জনাব রিয়াজ একটি বৃহদায়তন ফার্মের আর্থিক ব্যবস্থাপক। সে সর্বদাই একটি লক্ষ্য অর্জনের চেষ্টা করছে যেটি ফার্মের আয় ও ব্যায়ের ব্যবধানকে সর্বাধিক করার প্রতি গুরুত্বারোপ করে।

১২৭. জনাব রিয়াজের অনুসরণ করা লক্ষ্যকে অর্থায়নের ভাষায় কী বলা হয়?

(ক) সম্পদ সর্বাধিকরণ
(খ) মুনাফা সর্বাধিকরণ
(গ) দায় সর্বনিম্নকরণ
(ঘ) ব্যয় সর্বনিম্নকরণ

স্যাট একাডেমি

১২৮. জনাব রিয়াজের অনুসরণকৃত লক্ষ্যের সীমাবদ্ধতা নিচের কোনটি বিবেচনা না করা?

i. ঝুঁকি

ii. নগদ প্রবাহ

iii. মুনাফা অর্জনের সময়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii **(ঘ)** i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

জনাব রাসেল প্রীতি ফুটবল ম্যাচ খেলে ১,০০,০০০ টাকা পুরস্কার পান। তিনি উক্ত টাকা কর্ণফুলী ব্যাংকে একটি স্থায়ী হিসাবে জমা রাখেন। কর্ণফুলী ব্যাংকের এ স্কিমে ৬ বছরে টাকা দ্বিগুণ হয়।

১২৯. জনাব রাসেলের স্কিমের সুদের হার কত?

(ক) ১২.৫৬% **(খ)** ১২.৫৬%

(গ) ১২.০০% (ঘ) ১১.৮৫%

১৩০. উদ্দীপকের স্কিমে অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি হলে—

(ক) টাকা ২ গুণ হতে ৬ বছরের কম সময় লাগবে

(খ) টাকা ২ গুণ হতে ৬ বছরের বেশি সময় লাগবে

(গ) নামিক সুদের হার বেশি হবে

(ঘ) কার্যকরী সুদের হার কম হবে

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

সোনিয়া লি.-এর বিটা ১.২। বাজার আয়ের হার ১৫%। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত টেজারি বিলের আয়ের হার ৫%। অন্যদিকে, আফিয়া লি.-এর প্রয়োজনীয় আয়ের হার ১৫% ও সানা লি.-এর প্রয়োজনীয় আয়ের হার ১২%।

১৩১. সোনিয়া লি.-এর ঝুঁকি অধিহার কত?

(ক) ৫% **(খ)** ১০%

(গ) ১২% (ঘ) ১৭%

১৩২. উদ্দীপকের সাপেক্ষে নিচের কোনটি সঠিক?

i. সোনিয়া লি.-এর প্রয়োজনীয় আয়ের হার বেশি

ii. আফিয়া লি.-এর প্রয়োজনীয় আয়ের হার বেশি

iii. সানা লি.-এর বিনিয়োগ করা উচিত

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii

(গ) iii (ঘ) i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

দিনার লি. দুটি প্রকল্পের মধ্যে একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছে। প্রকল্প দুটির মূলধন ব্যয় ১০%। প্রকলপ দুটির তথ্য নিম্নরূপ :

বিবরণ	প্রকল্প ক	প্রকল্প খ
প্রাথমিক বিনিয়োগ	৩০,০০০ টাকা	৫০,০০০ টাকা
নগদ আন্তঃপ্রবাহ (১-৫) বছর	১০,০০০ টাকা	১৫,০০০ টাকা
NPV	৬,০০০ টাকা	৫,০০০ টাকা

১৩৩. 'ক' প্রকল্পের ARR-

(ক) ২৬.৬৭% (খ) ৩৩%

(গ) ৬০% **(ঘ)** ৬৭%

১৩৪. প্রকল্পদ্বয়ের ক্ষেত্রে-

i. "ক" প্রকল্প গ্রহণযোগ্য কেননা এর পে-ব্যাক সময় বেশি

ii. "ক" প্রকল্প গ্রহণযোগ্য কেননা এর পে-ব্যাক সময় কম

iii. "খ" প্রকল্প গ্রহণযোগ্য নয় কেননা এর নিট বর্তমান মূল্য কম

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

সুরমা লি. প্রতিটি ১,০০০ টাকা মূল্যের বন্ড ইস্যু করেছে। কুপন রেট ১২%। প্রয়োজনীয় আয়ের হার ১৩.৫%। বন্ডের

স্যাট একাডেমি

বাজার মূল্য ১,০০০ টাকা।

১৩৫. সুরমা লি.-এর বন্ডের অন্তর্নিহিত মূল্য কত টাকা?

(ক) ৭০০ টাকা (খ) ৭৯০ টাকা

(গ) ৮৮৯ টাকা (ঘ) ১,১২৫ টাকা

১৩৬. সুরমা লি.-এর প্রয়োজনীয় আয়ের হার বৃদ্ধি পেয়ে ১৫% হলে-

i. বন্ডের অন্তর্নিহিত মূল্য ৮০০ টাকা

ii. বার্ষিক সুদের পরিমাণ ১২০ টাকা

iii. বন্ডে বিনিয়োগ লাভজনক হবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

জনাব জহির আজীবন প্রত্যেক বছর ২,০০০ টাকা করে একটি বিমা কোম্পানির নিকট হতে পেতে চান। সুদের হার ১০%। তিনি ৫ বছর পর একটি টেলিভিশন ক্রয়ের জন্য ঢাকা ব্যাংকে ১২% সুদে বর্তমানে কিছু টাকা জমা রাখতে চান। চট্টগ্রাম ব্যাংক ১০% অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে। চাঁদপুর ব্যাংক ১১% ত্রৈমাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে। অন্যদিকে, নোয়াখালী ব্যাংক ১২.৫% সুদের প্রস্তাব দিয়েছে।

১৩৭. জনাব জহিরকে বিমা কোম্পানিতে বর্তমানে কত টাকা জমা রাখতে হবে?

(ক) ৫,০০০ টাকা (খ) ১০,০০০ টাকা

(গ) ১৫,০০০ টাকা (ঘ) ২০,০০০ টাকা

১৩৮. প্রকৃত সুদের হার বিবেচনায় জনাব জহিরের কোন ব্যাংকে অর্থ জমা রাখা যৌক্তিক?

(ক) নোয়াখালী (খ) চট্টগ্রাম

(গ) ঢাকা (ঘ) চাঁদপুর

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

ইয়াম শায়ার একটি জাপানি কোম্পানি। বাংলাদেশ সরকারের অনুমতি নিয়ে বাংলাদেশে প্রতিষ্ঠানটির একটি প্ল্যান্ট স্থাপন করে সুনামের সাথে ব্যবসায় করে যাচ্ছে। প্রতিষ্ঠানটি বিনিয়োগের জন্য দুটি প্রকল্প বিবেচনা করছে। প্রতিটি বিনিয়োগের ব্যয় ১,০০,০০০ টাকা। “ক” প্রকল্প হতে আগামী ৫ বছর প্রত্যেক বছর নগদ আন্তঃপ্রবাহ হবে যথাক্রমে ৮০,০০০; ৭০,০০০; ৫০,০০০; ৪০,০০০ ও ২০,০০০ টাকা "খ" প্রকল্প হতে ৫ বছরে নগদ আন্তঃপ্রবাহ হবে ২,৬৫,০০০ টাকা। প্রতিষ্ঠানটি অর্থায়নের মূল্য লক্ষ্য অর্জন করতে চায়।

১৩৯. ইয়াম শায়ার প্রতিষ্ঠানটি কোন ধরনের অর্থায়ন করেছে?

(ক) আন্তর্জাতিক অর্থায়ন (খ) ব্যক্তিগত অর্থায়ন

(গ) অভ্যন্তরীণ অর্থায়ন (ঘ) বাহ্যিক অর্থায়ন

১৪০. ইয়াম শায়ার এর মূল লক্ষ্য অর্জনে নিচের কোনটি প্রযোজ্য?

(ক) নগদ প্রবাহ বেশি হওয়ায় "ক" প্রকল্প গ্রহণ করা উচিত

(খ) তারল্য বিবেচনায় “খ” প্রকল্প গ্রহণ করা উচিত

(গ) ঝুঁকি বিবেচনায় “খ” প্রকল্প গ্রহণ করা উচিত

(ঘ) অর্থের সময়মূল্য বিবেচনায় “ক” প্রকল্প গ্রহণ করা উচিত

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

মিস অর্পা তার জমাকৃত অর্থ 'হেমন্ত লি.' ও 'কার্তিক লি.' কোম্পানির শেয়ারে যথাক্রমে ৬০% ও ৪০% বিনিয়োগ করে। সেখানে থেকে আয়ের হার যথাক্রমে ১৫% ও ২০%।

১৪১. মিস অর্পার পোর্টফোলিও আয়ের হার কত?

(ক) ১৭% (খ) ১৯%

(গ) ২১% (ঘ) ২৩%

১৪২. নিচের কোন অবস্থা সৃষ্টি হলে মিস অর্পা 'কার্তিক লি.' এ বিনিয়োগ বাড়িয়ে 'হেমন্ত লি.' এ বিনিয়োগ হ্রাস করবে?

(ক) 'হেমন্ত লি.'-এর আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই হ্রাস পেলে

(খ) 'হেমন্ত লি.'-এর আয়ের হার ও পরিমিত ব্যবধান দুটোই বৃদ্ধি পেলে

(গ) 'হেমন্ত লি.'-এর আয়ের হার অপরিবর্তিত থেকে পরিমিত ব্যবধান হ্রাস পেলে

(ঘ) 'হেমন্ত লি.'-এর আয়ের হার অপরিবর্তিত থেকে পরিমিত ব্যবধান বৃদ্ধি পেলে

স্যাট একাডেমী

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

'ক' ও 'খ' প্রকল্পে বিনিয়োগের জন্য রয়েল লি.-এর তহবিল ৫০,০০০ টাকা। প্রকল্প 'ক'-এর প্রাথমিক বিনিয়োগ ৩৫,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ৫,০০০ টাকা। অপরদিকে, প্রকল্প 'ক'-এর প্রাথমিক বিনিয়োগ ৪৫,০০ টাকা। দুইটি প্রকল্পের অন্যান্য তথ্য নিম্নরূপ —

প্রকল্প	পে-ব্যাক সময়	নিট বর্তমান মূল্য
ক	৪ বছর	১২,৮৭৬ টাকা
খ	৩.৮ বছর	১৯,৯০২ টাকা

প্রতিষ্ঠানটির সর্বোচ্চ গ্রহণযোগ্য পে-ব্যাক সময় ৪ বছর।

১৪৩. ক প্রকল্পের গড় বিনিয়োগ কত?

(ক) ১৭,৫০০ টাকা (খ) ২০,০০০ টাকা
(গ) ২২,৫০০ টাকা (ঘ) ২৫,০০০ টাকা

১৪৪. 'রয়েল লি.-এর-

(ক) 'ক' প্রকল্প গ্রহণ করা উচিত কারণ এর পে ব্যাক সময় বেশি
(খ) 'খ' প্রকল্প গ্রহণ করা উচিত কারণ এর নিট বর্তমান মূল্য বেশি
(গ) 'ক' ও 'খ' উভয় প্রকল্প গ্রহণ করা উচিত
(ঘ) পর্যাপ্ত মূলধন না থাকায় কোন প্রকল্পই গ্রহণ করা উচিত না

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

প্রতি বছর ১৫ টাকা সুদ প্রদান করা হবে এই শর্তে আকাশ লি. বন্ড ইস্যু করে। বন্ডটির ক্ষেত্রে প্রয়োজনীয় আয়ের হার ১২% এবং বাজার মূল্য ১২০ টাকা।

১৪৫. উদ্দীপকের উল্লিখিত বন্ডটি কোন ধরনের বন্ড?

(ক) চিরস্থায়ী বন্ড (খ) জিরো কুপন বন্ড
(গ) কুপন বন্ড (ঘ) জাঙ্ক বন্ড

১৪৬. উক্ত বন্ডের বর্তমান মূল্য কত?

(ক) ১২৫ টাকা (খ) ১৩০ টাকা
(গ) ১৩০ টাকা (ঘ) ১৪০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

জনাব রায়হান তার এক বন্ধুকে ১১% চক্রবৃদ্ধি সুদে ৫ বছরের জন্য ৮০,০০ টাকা ঋণ প্রদান করেন।

১৪৭. ৫ বছর পর তার বন্ধু কত টাকা পরিশোধ করবেন?

(ক) ১,৩৪,৮০৪ টাকা (খ) ১,৪৪,৪০৮ টাকা
(গ) ১,৪৮,৪৩১ টাকা (ঘ) ১,৫২,৪৩১ টাকা

১৪৮. ঋণের সুদ বছরে দুইবার গণনা করলে মেয়াদ শেষে কত টাকা পরিশোধ করতে হবে?

(ক) ১,৪১,৫৬১ টাকা (খ) ১,৩৮,৩২১ টাকা
(গ) ১,৩৬,৬৫১ টাকা (ঘ) ১,৩৫,৩২১ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

আকিজ ফুড লি. বাজার চাহিদার দিকে লক্ষ্য রেখে কম খরচ খাদ্যসামগ্রী উৎপাদন করে এবং সর্বোচ্চ মুনাফা করার চেষ্টা করে। এবং তাতে সফলও হয়।

১৪৯. আকিজ ফুড লি.-এর মুনাফা বৃদ্ধির চেষ্টাকে কী বলে?

(ক) সম্পদ সর্বাধিকরণ (খ) মুনাফা সমতায়ন
(গ) মুনাফা সর্বাধিকরণ (ঘ) তহবিল বৃদ্ধিকরণ

১৫০. উদ্দীপকে আকিজ ফুড লি.-এর কার্যক্রমগুলো-

i. দক্ষতার মানদণ্ড হিসেবে বিবেচিত হয়
ii. সম্পদের সুষ্ঠু ব্যবহার করা
iii. সামাজিক কল্যাণ সাধিত হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

সাট্ট একাডেমি

✨ ধন্যবাদ! ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

আরও দেখুন: sattacademy.com

⚠️ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

🌐 sattacademy.com | 📞 +880 1306 446390

স্যাট একাডেমি